

পৌরসভা মনোগ্রাম

প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (IEE)

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP-III)

পৌরসভা † Khagrachhari প্যাকেজ নং † UGIIP-III-I/KHAG/UT+DR/01/2015

এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) এবং OFID এর যৌথ অর্থায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE) কর্তৃক যৌথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। নির্ধারিত ৩১ টি পৌরসভায় প্রকল্পটি ছয় বৎসর মেয়াদে (২০১৪-২০২০) বাস্তবায়িত হবে।

প্রকল্পের সামগ্রিক লক্ষ্য হলো বাংলাদেশের নগর উন্নয়ন খাতে প্রস্তাবিত নগর পরিচালন ব্যবস্থার উন্নতিকরণ, সক্ষমতা বৃদ্ধি ও উপ-প্রকল্পগুলোতে ভৌত অবকাঠামো নির্মান, পুনর্বাসন, সম্প্রসারণ এবং সেবা কার্যক্রম পরিচালনা করা। সড়ক এবং নর্দমা উপ-প্রকল্পটি UGIIP-III আওতায় প্রস্তাবিত উপ-প্রকল্পগুলির মধ্যে একটি।

এশিয়ান উন্নয়ন ব্যাংকের অর্থায়নে পরিচালিত সকল প্রকল্পে পরিবেশ নীতিমালা (SPS) ২০০৯ অনুসরণ করা বাধ্যতামূলক। প্রাথমিক সম্ভব্যতা যাচাই এবং বিস্তারিত প্রকৌশল নক্সা অনুযায়ী প্রাথমিক পরিবেশগত সমীক্ষাটি (IEE) তৈরী করা হয়েছে।

শ্রেণীবিন্যাস ৪ এশিয়ান উন্নয়ন ব্যাংকের দ্রুত পরিবেশগত মূল্যায়ণ (REA) এর আলোকে রাস্তা এবং নর্দমার চেকলিস্ট পর্যালোচনা করে দেখা যায় যে উপ-প্রকল্পটি লক্ষ্যনীয়ভাবে নেতৃত্বাচক প্রভাব ফেলবে না বিধায় এই পৌরসভার সড়ক এবং নর্দমা উপ-প্রকল্পটি "খ" শ্রেণীভুক্ত।

বাংলাদেশ সরকারের পরিবেশ সংরক্ষন বিধি (ECA, ১৯৯৫) এবং পরিবেশ সংরক্ষন আইন (ECR, ১৯৯৭) অনুযায়ী উপ-প্রকল্পটি ০Kgj/ L/ (Orange B) শ্রেণীভুক্ত। পত্র নম্বর DoE/Clearance/৫৪৪৮/ ২০১৫/১৮৭ তারিখ ০২ মে, ২০১৬ মারফত পরিবেশ অধিদপ্তর, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে (UGIIP-III) কে পরিবেশগত ছাড়পত্র দিয়েছে।

পরিবেশের বর্ণনা ৪ উপ-প্রকল্পের উপাদানসমূহ পৌরসভার নগর এবং সন্নিহিত অঞ্চলে অবস্থিত, যা নগর ভূমি ব্যবহারের উপযোগী হিসাবে উন্নীত করা হয়েছে। উপ-প্রকল্প অঞ্চলগুলি বর্তমানে জন যানবাহন চলাচলের স্থান (ROW) এবং সরকার মালিকানাধীন জমিতে অবস্থিত। উপ-প্রকল্প বা এর কাছাকাছি এলাকায় কোনও সংরক্ষিত এলাকা, জলাভূমি, বনাঞ্চল অথবা নদীর মোহনা নাই। এই পৌরসভা অথবা এর কাছাকাছি অঞ্চলে কোনও বনভূমি নাই।

পাতা - ১

পরিবেশ ব্যবস্থাপনা ৪ পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP) টি প্রাথমিক পরিবেশগত সমীক্ষার (IEE) একটি অংশ। এতে রয়েছে :

- (ক) বাস্তবায়ন পর্যায়ে পরিবেশগত প্রভাব দুরিকরণে কর্মপদ্ধা নির্ধারণ;
- (খ) দায়ীত্বান সত্ত্বাসমূহে পরিবেশগত অবক্ষয় নিরসন, তদারকি এবং প্রতিবেদন প্রদানের জন্য একটি তদারকি পরিকল্পনা প্রণয়ণ;
- (গ) জনগনের সঙ্গে মত বিনিময় এবং সংবাদ প্রকাশনা;
- (ঘ) অভিযোগ নিরসন কৌশল নির্ধারণ;
- (ঙ) নির্মান কাল যথাসম্ভব শুষ্ক মৌশুমে নির্ধারণ করা;
- (চ) গাঢ়ী চলাচলের বিকল্প পথ নির্ধারণ;
- (ছ) অস্থায়ী শ্রমিক নিবাস/ব্যবহৃত স্থান প্রকল্প বাস্তবায়ন শেষে পূর্বাবস্থায় ফেরৎ দেওয়া;
- (জ) নির্মান শ্রমিকদের সুস্থান্ধ্য এবং নিরাপত্তা নিশ্চিত করা।

পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP) টি দরপত্র দলীল এবং চুক্তি পত্রের অংশ হিসাবে বিবেচিত হবে।

রাস্তা এবং নর্দমা উপ-প্রকল্পের মূল ধারনা :

- (ক) সরকারী মালিকানাধীন ভূমির ব্যবহার পূর্বক ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসনের প্রয়োজনীয়তা এড়ানো;
- (খ) যথাসম্ভব জনচলাচলের স্থান (RoW) ব্যবহার করে পুনর্বাসন প্রক্রিয়া পরিহার করণ;
- (গ) সম্ভাব্য স্থলে ঐতিহাসিক এবং সাংস্কৃতিক তাৎপর্যপূর্ণ স্থানের ক্ষতি পরিহার করণ;
- (ঘ) যতটা সম্ভব বৃক্ষ নিধন পরিহার করণ;
- (ঙ) নির্মান স্থান নির্বাচনে জন-স্পৃক্ততা নিশ্চিত করণ।

পরামর্শ, প্রতিবেদন প্রকাশ এবং অভিযোগের প্রতিকার ও প্রাথমিক পরিবেশগত সমীক্ষায় (IEE) জন্মতকে প্রধান্য দেয়া হয়েছে। এই জন-মতামত গ্রহণ একটি চলমান প্রক্রিয়া। অধিকসংখ্যক দর্শকশ্রেতার জ্ঞাতার্থে অনুমোদিত প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (IEE), এশিয়ান উন্নয়ন ব্যাংক এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) এর ওয়েবসাইটে উন্মুক্ত করা হয়েছে। ইহা পৌরসভার ওয়েব পোর্টালেও পাওয়া যাবে।

Dcmsgvni Ges c1vgk⁹ প্রাথমিক পরিবেশগত সমীক্ষার (IEE) ভিত্তিতে লক্ষ্য করা যায় যে এখানে লক্ষণীয়ভাবে কোনও নেতৃত্বাচক পরিবেশগত প্রভাব পড়বে না এবং উপ-প্রকল্পটিকে "খ" শ্রেণীভুক্তিকরণ যথার্থ হয়েছে। প্রকল্প শেষে পৌরবাসী এই উপ-প্রকল্প দ্বারা সর্বোচ্চ উপকৃত/সুবিধাভোগী হবেন।